

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.২২.০০.০০১.২০১৩-২৭০

তারিখ: ০৯-১০-২০১৮ খ্রি:

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন Sector Wide Program Management and Monitoring (SWPMM) ওপির ২০১৮-২০১৯ অর্থবছরের জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিস)-এ প্রশাসনিক অনুমোদন


সূত্র: (১) স্মারক নং-স্বাপকম/সিসপ্র(স্বাস্থ্য-২)/ SWPMM/Procurement Plan/২০১৭-১৮/৩৪, তাং-৩১-০৭-২০১৮ খ্রি:

(২) ইউ.ও নোট নং-স্বাপকম/সিসপ্র(স্বাস্থ্য-২)/ SWPMM/প্রকিউরমেন্ট প্ল্যান/২০১৮/১৯২, তাং-০৩-১০-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, সেক্টর ওয়াইড প্রোগ্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৪টি প্যাকেজের (জিডি- ৫, ৬, ৭ ও ৮) বিপরীতে ১৩.৮০ লক্ষ (তের লক্ষ আশি হাজার) টাকা এবং জিওবি (উন্নয়ন) খাতের ৪টি প্যাকেজের (জিডি-১, ২, ৩ ও ৪) বিপরীতে ২৬.০০ লক্ষ (ছাশিশ লক্ষ) টাকাসহ সর্বমোট (১৩.৮০+২৬.০০)=৩৯.৮০ লক্ষ (উনচল্লিশ লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) প্রস্তাবিত ক্রয়ে Open Tendering Method (OTM) অনুসরণ করতে হবে;
- (গ) Request for quotation method (RFQ) এর ক্ষেত্রে প্রতি প্যাকেজ এ মূল্যসীমা পিপিআর-২০০৮ এর তফসীল-২ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ঘ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঙ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (চ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ছ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

যুগ্মপ্রধান (পরিকল্পনা)

ও

লাইন ডাইরেক্টর
এসডব্লিউপিএমএম
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.০২.০০.০০৩.২০১৫-২৭১

তারিখ: ০৯-১০-২০১৮ খ্রি:


বিষয়: নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের খাতের বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান-এর প্রশাসনিক অনুমোদন প্রদান

সূত্র: স্মারক নং-স্বাঃঅধিঃ/এলডি/এনসিডিসি/প্রকিউঃ প্লান/বৈদেশিক প্রশিক্ষণ/২০১৮-১৯/২০১৮/৫২৭৭, তাং-২৫-০৯-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপির ২০১৮-২০১৯ অর্থবছরের আরপিএ (জিওবি) খাতের ২টি প্যাকেজের মাধ্যমে ২০জন প্রশিক্ষণার্থীর বিপরীতে প্রণীত ৯২.০০ লক্ষ (বিরানবই লক্ষ) টাকা প্রাক্কলিত মূল্যের বৈদেশিক প্রশিক্ষণ প্লানে নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি গ্রহণ করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি লাইন ডাইরেক্টর কর্তৃক নিশ্চিত করতে হবে;
- (গ) সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর সরাসরি প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে; এক্ষেত্রে কোন এজেন্ট-এর সহযোগিতা গ্রহণ করা যাবে না;
- (ঘ) বর্ণিত প্রশিক্ষণ প্যাকেজের চুক্তিমূল্য ওপিতে অনুমোদিত প্রাক্কলিত মূল্যের মধ্যে থাকতে হবে;
- (ঙ) প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগ সংক্রান্ত ডকুমেন্টস-এর অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (চ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারিগণের ডাটাবেজ তৈরি করতে হবে।
- (ছ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (জ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।